রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২০ সনের ৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২৩, ২০২০

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৭—৮৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬৫—৮৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮১—১০৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-৪ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ নভেম্বর ২০১৯

**নং ১২.০০.০০০০.০৫৫.২৭.০২১.১৯.৩০৭**—যেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব পুষ্পেন্দু বড়ুয়া (পরিচিতি নং-২২৮২), উপজেলা কৃষি কর্মকর্তা (বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত), কোম্পানীগঞ্জ, নোয়াখালীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি ৩(খ), ৩(ঘ) অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি" অভিযোগে কৃষি মন্ত্রণালয়ের গত ০৩ জুলাই ২০১৯ তারিখের ১২.০০.০০০০.০৫৫.২৭.০২১.১৯.১৭৮ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা (মামলা নং-১৫/২০১৮) রুজু করতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে তাঁর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করলে গত ২৭ আগস্ট ২০১৯ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা "ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজি প্রোগ্রাম-২য় পর্যায় (এনএটিপি-২)" এর আওতায় স্থাপিত প্রদর্শনীভুক্ত ফলবাগানে প্রত্যেক কৃষকদের জন্য নির্ধারিত বরাদ্দকৃত সার সরবরাহ না করে উপকরণ বিতরণ স্টক বহিতে এন্ট্রি দিয়ে সরকারি দায়িত্ব পালনে চরম অবহেলার পরিচয় দিয়ে সরকারের ভাবমুর্তি ক্ষুণ্ন ও আর্থিক ক্ষতি করেছেন, যা "অসদাচরণ" ও "দুর্নীতি" এর আওতাভুক্ত;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা এহেন কার্যকলাপের জন্য তাঁকে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর দায়ে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার দণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

সেহেতু, জনাব পুষ্পেন্দু বড়ুয়া (পরিচিতি নং-২২৮২), উপজেলা কৃষি কর্মকর্তা (বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত), কোম্পানীগঞ্জ, নোয়াখালী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি ৩(খ), ৩(ঘ) অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি" এর দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(২)(খ) মোতাবেক পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নাসিরুজ্জামান**
সচিব।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ অগ্রহায়ণ ১৪২৬/২১ নভেম্বর ২০১৯

**নং ৪১.০০.০০০০.০১৯.০০১.৩৭.১৮.১০৯১**—ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে পি.এইচ.ডি ডিগ্রি সম্পন্নসহ সনদপত্র অর্জন করার প্রেক্ষিতে জনাব মোঃ হামিদুল ইসলাম, সমাজসেবা অফিসার (রেজিঃ), জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী এর নামের পূর্বে 'ডক্টর' উপাধি ব্যবহারের অনুমতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ জিয়াউল হক**
উপসচিব (৪-প্রশাসন)।

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ-২**
**এলএ কেস নং-২৯(ও)/৭৮-৭৯**
**"ঘোষণা পত্র"**
**(ফরম নং-"ঘ")**
**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ : ১৯ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬৩.১৪-৩৫৮**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ১২-০৯-১৯৭৯ খ্রি. এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা : বরিশাল, উপজেলা : বাবুগঞ্জ, মৌজা : তিলেরচর, জেএল নং-০১

| এসএ খতিয়ান নং | এসএ দাগ নং | দাগে মোট জমি (একরে) | প্রস্তাবিত জমি (একরে) | আংশিক/ পূর্ণ |
|---|---|---|---|---|
| ৭৯ | ১ | ০.৪৯ | ০.৪৯ | পূর্ণ |
| ৭৫ | ১৩ | - | ০.০১ | আংশিক |
| ৭৯ | ১৪ | ০.৪৩ | ০.০১ | আংশিক |
| ১৭ | ১৫ | ০.১১ | ০.১১ | পূর্ণ |
| ৩ | ১৬ | ০.১৯ | ০.০৬ | আংশিক |
| ৩ | ১৭ | ০.২৬ | ০.০৩ | আংশিক |
| ৩ | ১৮ | ০.৩৮ | ০.০২ | আংশিক |
| ৮ | ২৪ | ০.৩৯ | ০.০৪ | আংশিক |
| ৩১, ৩৮ | ২৫ | ০.৩১ | ০.০৩ | আংশিক |
| ৩১, ৩৮ | ২৮ | ০.৬২ | ০.০৫ | আংশিক |
| ৩৮ | ২৯ | ০.১৫ | ০.০২ | আংশিক |
| ৮৮ | ৩৪ | ০.২৫ | ০.০৩ | আংশিক |
| ৫০ | ৩৫ | ০.৫৭ | ০.০৪ | আংশিক |
| ৪, ৪৬ | ৪৪ | ১.১৭ | ০.০৭ | আংশিক |
| ৫৫ | ৭২ | ১.০৪ | ০.০৫ | আংশিক |
| ৭৩ | ৭৩ | ১.৩৪ | ০.০৭ | আংশিক |
| ১৩ | ৭৫ | ০.৪৩ | ০.০৩ | আংশিক |
| ১৬ | ৯৬ | ০.৯৯ | ০.০৪ | আংশিক |
| ৪৩ | ৯৭ | ০.৩১ | ০.০২ | আংশিক |
| ৫৯ | ১০৩ | ০.৭০ | ০.০৩ | আংশিক |
| ৫৯ | ১০৪ | ০.০৪ | ০.০২ | আংশিক |
| ১৪, ৬৩, ৮৩ | ১০৫ | ০.৮০ | ০.০৫ | আংশিক |
| ১৬ | ১১১ | ০.৩৬ | ০.০১ | আংশিক |
| ১৬ | ১১২ | ০.১১ | ০.০১ | আংশিক |

| এসএ খতিয়ান নং | এসএ দাগ নং | দাগে মোট জমি (একরে) | প্রস্তাবিত জমি (একরে) | আংশিক/ পূর্ণ |
|---|---|---|---|---|
| ১৬ | ১১৩ | ০.৪৩ | ০.০২ | আংশিক |
| ৪১ | ১১৬ | ১.১২ | ০.০২ | আংশিক |
| ৪১ | ১১৭ | ০.১৪ | ০.০২ | আংশিক |
| ৪১ | ১১৮ | ০.১০ | ০.০১ | আংশিক |
| ৮৭ | ১১৯ | ০.০৭ | ০.০১ | আংশিক |
| ৮৭ | ১২০ | ০.২৪ | ০.০২ | আংশিক |
| ৫৪ | ১২৯ | ০.১৪ | ০.০১ | আংশিক |
| ৬০ | ১৩০ | ০.১৪ | ০.০১ | আংশিক |
| ৬০ | ১৩১ | ০.১৪ | ০.০১ | আংশিক |
| ৪২ | ১৩২ | ০.২৪ | ০.০১ | আংশিক |
| ৮৫ | ১৩৮ | ০.৪৬ | ০.০৪ | আংশিক |
| ৮২ | ১৩৯ | ০.২৫ | ০.০৩ | আংশিক |
| ২১ | ১৫৫ | ০.৩৬ | ০.০৩ | আংশিক |
| ৬৬ | ১৫৬ | ০.৪১ | ০.০৪ | আংশিক |
| ৬২ | ১৫৭ | ০.৩৭ | ০.০৬ | আংশিক |
| ৩৯, ৪০ | ১৬৬ | ০.২৫ | ০.০৩ | আংশিক |
| ৪০ | ১৬৭ | ০.১০ | ০.০২ | আংশিক |
| ৬৮ | ১৭৭ | ০.০৭ | ০.০২ | আংশিক |
| ৮০ | ১৭৮ | ০.০৫ | ০.০২ | আংশিক |
| ৭৫ | ১৮০ | ০.৪৪ | ০.০২ | আংশিক |
| ৭৫ | ১৮১ | ০.৪৭ | ০.০২ | আংশিক |
| ৭৫ | ১৮২ | ০.০৩ | ০.০২ | আংশিক |
| ৭৫ | ২০০ | - | ০.০১ | আংশিক |
| ৬ | ২০১ | ০.০৭ | ০.০২ | আংশিক |
| ৮৬ | ২০২ | ০.১৮ | ০.০২ | আংশিক |
| ৮১ | ২০৬ | ০.২১ | ০.০৩ | আংশিক |
| ৮১ | ২০৭ | ১.৪২ | ০.১১ | আংশিক |
| ৩০ | ২৩৮ | ০.৪৪ | ০.১২ | আংশিক |
| ২২ | ২৩৯ | ০.১০ | ০.০৩ | আংশিক |
| ২২ | ২৪২ | ০.১০ | ০.০৩ | আংশিক |
| ৭৮ | ২৪৩ | ০.৪৪ | ০.০৮ | আংশিক |
| ২২ | ২৩১ | ০.১১ | ০.০৪ | আংশিক |
| ২২ | ২৩২ | ০.১০ | ০.০২ | আংশিক |
| ৮৪ | ২৪৬ | ১.৪৩ | ০.১২ | আংশিক |
| ৪৪ | ২৪৭ | ০.১৬ | ০.১৩ | আংশিক |
| ৫৬ | ২৭৩ | ০.২৬ | ০.০৬ | আংশিক |
| ৫৬ | ২৭৪ | ০.২৪ | ০.০৬ | আংশিক |
| ৫৬ | ২৭৭ | ০.০৮ | ০.০২ | আংশিক |
| ৫৬ | ২৭৮ | ০.১২ | ০.০৩ | আংশিক |
| ৪৮ | ২৮৪ | ০.২৭ | ০.০৫ | আংশিক |
| ৪৮ | ২৮৫ | ০.১০ | ০.০৩ | আংশিক |
| ৪৮ | ২৮৬ | ০.১২ | ০.০৩ | আংশিক |
| ৪৮ | ২৯০ | ০.২৩ | ০.০৪ | আংশিক |
| ২০ | ২৯১ | ০.৩৭ | ০.০৯ | আংশিক |
| ৬৯ | ২৯৫ | ০.৩৩ | ০.০৯ | আংশিক |
| ৩২ | ২৯৬ | ০.৪৭ | ০.০৫ | আংশিক |
| ৩২ | ২৯৮ | ০.১৯ | ০.০৭ | আংশিক |
| ৩২ | ২৯৯ | ০.৫১ | ০.০৯ | আংশিক |
| ২৬ | ৩০৮ | ০.০৭ | ০.০৭ | পূর্ণ |
| ৬৫ | ৩০৯ | ০.১২ | ০.০৯ | আংশিক |
| ৭০ | ৩১০ | ০.২৩ | ০.১০ | আংশিক |
| ৪৭ | ৩০৫ | ০.১৭ | ০.০৪ | আংশিক |
| ৪৭ | ৩০৬ | ০.৪৫ | ০.০৬ | আংশিক |
| ৪৭ | ৩০৩ | - | ০.২০ | আংশিক |
| ৭৬ | ৩৪৪ | ০.৩৯ | ০.০৬ | আংশিক |
| ৭৬ | ৩৪৫ | ০.৩৮ | ০.০৬ | আংশিক |
| ৭৬ | ৩৪৬ | ০.৩৫ | ০.০৪ | আংশিক |

| এসএ খতিয়ান নং | এসএ দাগ নং | দাগে মোট জমি (একরে) | প্রস্তাবিত জমি (একরে) | আংশিক/ পূর্ণ |
|---|---|---|---|---|
| ৩৬ | ৩৪৭ | ০.২১ | ০.০৪ | আংশিক |
| ৩৬ | ৩৪৮ | ০.১৫ | ০.০৩ | আংশিক |
| ৩৬ | ৩৪৯ | ০.১৯ | ০.০৪ | আংশিক |
| ৩৬ | ৩৫০ | ০.৩৪ | ০.০৯ | আংশিক |
| ১৯ | ৩৫১ | ০.৫৪ | ০.১৫ | আংশিক |
| ১৯ | ৩৫২ | ০.১১ | ০.০৪ | আংশিক |
| ১৯ | ৩৫৩ | ১.২৪ | ০.৪০ | আংশিক |
| ৭৭ | ৩৫৪ | ০.৩৫ | ০.৩৫ | পূর্ণ |
| ১৫ | ৩৫৮ | ০.৪৪ | ০.১৯ | আংশিক |
| ২৫ | ৩৫৯ | ০.৩১ | ০.১৮ | আংশিক |
| ৯, ৩৫, ১২, ৫২ | ৩৬০ | ১.১৬ | ০.১২ | আংশিক |
| ৯, ৩৫, ১২, ৫২ | ৩৬২ | ০.২৪ | ০.১৪ | আংশিক |
| ৫১ | ৩৬৩ | ০.২৪ | ০.১৪ | আংশিক |
| ২৫ | ৩৬৬ | ০.৩৭ | ০.২০ | আংশিক |
| ৫১ | ৩৬৭ | ০.২৭ | ০.১৪ | আংশিক |
| ৯, ১২, ৩৫ | ৩৬৯ | ০.৫৪ | ০.২৫ | |
| | | মোট= | ৬.৫২ একর | |

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এলএ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খালিদ আহম্মেদ**
যুগ্ম সচিব।

**এলএ কেস নং-৩৮(বি)/৭৬-৭৭**
**“ঘোষণা পত্র”**
**(ফরম নং-“ঘ”)**
**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ : ১৯ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬৩.১৪-৩৫৮**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ১৭-১২-১৯৭৬ খ্রি. এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা : বরিশাল, উপজেলা : বরিশাল সদর, মৌজা : ধর্ম্মাদী,জেএল নং-১৭

| এসএ খতিয়ান নং | এসএ দাগ নং | দাগে মোট জমি (একরে) | প্রস্তাবিত জমি (একরে) | আংশিক/পূর্ণ |
|---|---|---|---|---|
| ৩৭০ | ৬০০ | ০.২২ | ০.০৩ | আংশিক |
| ৪২৭ | ৬০১ | ০.৪২ | ০.০৯ | আংশিক |
| ৩৮১ | ৬০২ | ০.০৫ | ০.০২ | আংশিক |
| ৪৬১ | ৬০৩ | ০.০৬ | ০.০২ | আংশিক |
| ২২ | ৬০৪ | ০.০৬ | ০.০২ | আংশিক |
| ১৬৫ | ৬০৫ | ০.০৯ | ০.০২ | আংশিক |
| ২২, ১৬৫, ৪৬১ | ৬৬১ | ০.২২ | ০.০১ | আংশিক |
| ১২, ৭৯ | ৬৬৭ | ০.৫৮ | ০.১২ | আংশিক |
| ৪২৮ | ৬৮২ | ০.১৮ | ০.০৪ | আংশিক |
| ৪২৮ | ৬৮৩ | ০.২০ | ০.০৩ | আংশিক |
| ৪৬১ | ৬৮৪ | ০.২৪ | ০.০৩ | আংশিক |
| ৪৩১ | ৭০৩ | ০.২৬ | ০.০৪ | আংশিক |
| ৪৩১ | ৭০৪ | ০.৪১ | ০.০৪ | আংশিক |
| ৪২ | ৭০৬ | ০.৪১ | ০.০৩ | আংশিক |
| | | মোট= | ০.৫৪ একর | |

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এলএ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খালিদ আহম্মেদ**
যুগ্ম সচিব।

**এলএ কেস নং-৫৮(বি)/৭৮-৭৯**
**"ঘোষণা পত্র"**
**(ফরম নং-"ঘ")**
**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ : ১৯ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬৩.১৪-৩৫৮**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ১২-১২-১৯৭৮ খ্রি. এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা : বরিশাল, উপজেলা : বাবুগঞ্জ, মৌজা : বাহিরচর ক্ষুদ্রকাঠী, জেএল নং-২৭

| এসএ খতিয়ান নং | এসএ দাগ নং | দাগে মোট জমি (একরে) | প্রস্তাবিত জমি (একরে) | আংশিক/পূর্ণ |
|---|---|---|---|---|
| ২৭২ | ২৩৫৩/২৩৬১ | ০.৩৬ | ০.৩৬ | পূর্ণ |
| | | মোট= | ০.৩৬ একর | |

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এলএ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খালিদ আহম্মেদ**
যুগ্ম সচিব।

**এল, এ কেস নং ৫৯(বি)/৭৮-৭৯**
**ঘোষণা পত্র**
**ফরম নং ঘ**
**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারার মোতাবেক নোটিশ**

তারিখ : ১৯ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬৩.১৪-৩৫৮**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ১২-১২-১৯৭৮ খ্রিঃ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু উক্ত আইনের ৫(৭) ধারার ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-বরিশাল, উপজেলা-বাবুগঞ্জ, মৌজা-রাজগুরু, জেএল নং-৫৭

| এসএ খতিয়ান নং | এসএ দাগ নং | দাগে মোট জমি (একরে) | প্রস্তাবিত জমি একরে) | আংশিক/ পূর্ণ |
|---|---|---|---|---|
| ৩২৯ | ২২৩ | ০.২৩ | ০.০১ | আংশিক |
| ৩৪৩ | ২২৪ | ০.০২ | ০.০১ | ,, |
| ২৯৪ | ২২৫ | ০.০৫ | ০.০২ | ,, |
| ২৯২ | ২২৬ | ০.৩১ | ০.০৩ | ,, |
| ২৯৩ | ২২৯ | ০.০৯ | ০.০১ | ,, |
| ৪০১ | ২৩০ | ০.১২ | ০.০১ | ,, |
| ৩২৯ | ২৩১ | ০.১৫ | ০.০১ | ,, |
| ১৮১ | ২৩২ | ০.২৮ | ০.০২ | ,, |
| ১৮২ | ২৩৩ | ০.২৮ | ০.০২ | ,, |
| ২১ | ২৩৪ | ০.৬০ | ০.০৬ | ,, |
| ৪১৫ | ২৩৬ | ০.২৬ | ০.০৪ | ,, |
| ৩৪৭ | ২৩৭ | ০.২৫ | ০.০২ | ,, |
| ৩৪৭ | ২৩৮ | ০.২৪ | ০.০৩ | ,, |
| ২৪১, ৩২৯ | ২৩৯ | ০.২৩ | ০.০২ | ,, |
| ৩৪৭ | ২৪০ | ০.২৫ | ০.০৩ | ,, |
| | | মোট ০.৩৪ (চৌত্রিশ শতাংশ) একর | | |

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এলএ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খালিদ আহম্মেদ**
যুগ্মসচিব।

**এলএ কেস নং-৬১(বি)/৭৭-৭৮**

**ঘোষণা পত্র**

**(ফরম নং-ঘ)**

**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ : ১৯ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬৩.১৪-৩৫৮**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ১২-১২-১৯৭৮ খ্রিঃ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু উক্ত আইনের ৫(৭) ধারার ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-বরিশাল, উপজেলা-বরিশাল সদর, মৌজা-কাউয়ার চর, জেএল নং-৬১।

| এসএ খতিয়ান নং | এসএ দাগ নং | দাগে মোট জমি (একরে) | প্রস্তাবিত জমি (একরে) | আংশিক/ পূর্ণ |
|---|---|---|---|---|
| ১১৮৫ | ১৭৭৫ | ০.৪৭ | ০.০৩ | আংশিক |
| ৯০৯ | ১৭৭৬ | ১.০২ | ০.০৪ | ,, |
| ১১৮৫ | ১৭৭৭ | ০.১৯ | ০.০৩ | ,, |
| ১১৮৬ | ১৭৭৮ | ০.১৪ | ০.০২ | ,, |
| ১১৮৬ | ১৭৮৩ | ০.০৮ | ০.০১ | ,, |
| ১১৮৬ | ১৭৮৪ | ০.২৫ | ০.০৪ | ,, |
| ৭২২, ৭৫০ | ১৭৮৫ | ০.১১ | ০.০১ | ,, |
| ২ | ১৭৮৬ | ০.২৪ | ০.০১ | ,, |
| ৭২২, ৭৫০ | ১৭৮৭ | ০.৪৩ | ০.০৮ | ,, |
| ৬৩৭ | ১৭৯৬ | ০.৫৩ | ০.০৪ | ,, |
| ৬৩৭ | ১৭৯৭ | ০.২৪ | ০.০৩ | ,, |
| ৮০৩ | ১৭৯৮ | ০.২২ | ০.০২ | ,, |
| ৮০৩ | ১৭৯৯ | ০.০৯ | ০.০১ | ,, |
| ৮০৩ | ১৮০৫ | ০.৮৫ | ০.১০ | ,, |
| ৪৬৮, ৫৯০ | ১৮০৯ | ০.২০ | ০.০১ | ,, |
| ১১১২, ৫৯৫ | ১৮১০ | ০.১৫ | ০.০১ | ,, |
| ৪৬৭ | ১৮১১ | ০.২৭ | ০.০৫ | ,, |
| ৪৬৯ | ১৮১২ | ০.১২ | ০.০১ | ,, |
| ১১১২ | ১৮১৩ | ০.০৭ | ০.০১ | ,, |
| ৪৬৪ | ১৮১৫ | ০.৩১ | ০.০৩ | ,, |
| ৪৬৪ | ১৮১৬ | ০.৯২ | ০.০৯ | ,, |
| ১১৯, ১২০ | ১৮৩৮ | ০.৮৫ | ০.০৪ | ,, |
| ৯০৯ | ১৮৩৯ | ০.৪৯ | ০.০৫ | ,, |
| ৮১, ৮২, ৭১৭, ৯৭৬ | ১৯৬৩ | ০.৭৮ | ০.০২ | ,, |
| ৪৮৯ | ২৬০০ | ১.০৩ | ০.০৪ | ,, |
| ৯৫২ | ২৬০৮ | ০.৭৫ | ০.০৫ | ,, |
| ৪৬৯ | ২৬১০ | ০.৩৩ | ০.১৬ | ,, |
| ৪৬৯ | ২৬১১ | ০.০৫ | ০.০৫ | পূর্ণ |
| ১১৩৭ | ২৬১২ | ০.০৫ | ০.০৫ | ,, |
| ১১৩৭ | ২৬১৩ | ০.০২ | ০.০২ | ,, |
| ১১৩৭ | ২৬১৪ | ০.০৪ | ০.০৪ | ,, |
| ৭০৮, ৭০৯ | ২৬১৫ | ০.৬২ | ০.০৫ | আংশিক |
| ৯৫৭ | ২৬১৯ | ০.৯০ | ০.০৭ | ,, |
| ১২৯, ৯৭১ | ২৬২১ | ০.২৯ | ০.০৩ | ,, |

| এসএ খতিয়ান নং | এসএ দাগ নং | দাগে মোট জমি (একরে) | প্রস্তাবিত জমি (একরে) | আংশিক/ পূর্ণ |
|---|---|---|---|---|
| ৩০২ | ২৬২২ | ০.০৬ | ০.০৬ | পূর্ণ |
| ১১৩৭ | ২৬২৮ | ০.০২ | ০.০২ | পূর্ণ |
| ৪৬২ | ২৬৩৯ | ২.৮১ | ০.২০ | আংশিক |
| ৯০১ | ২৬৯৮ | ০.০৫ | ০.০৫ | পূর্ণ |
| ৯০১ | ২৬৯৯ | ০.০২ | ০.০২ | পূর্ণ |
| ১১২৯ | ২৭০০ | ০.০৪ | ০.০৪ | পূর্ণ |
| ১১২৭, ১১২৯ | ২৭০১ | ০.১০ | ০.১০ | পূর্ণ |
| ১০৮ | ২৭০২ | ০.০৫ | ০.০৫ | পূর্ণ |
| ১৫৯ | ২৭০৩ | ০.৬২ | ০.০৫ | আংশিক |
| ২১৭ | ২৭০৬ | ০.৫৮ | ০.০৩ | আংশিক |
| ৯৬২, ১০৯০ | ২৭১০ | ০.৪৩ | ০.০২ | আংশিক |
| ১৪৫ | ২৭১৯ | ০.৫৫ | ০.০৫ | আংশিক |
| ১১২৪, ১১২৫, ১১২৮ | ২৭২০ | ০.৬৮ | ০.০৬ | আংশিক |
| ৩৬৭ | ২৭৩৩ | ০.৯১ | ০.০৪ | আংশিক |
| ১১২৪, ১১২৫, ১১২৮ | ২৭৩৪ | ০.১৬ | ০.০২ | আংশিক |
| ১১২৪,১১২৫, ১১২৮ | ২৭৩৬ | ০.০৯ | ০.০৯ | পূর্ণ |
| | | মোট= | ২.২৫ একর | |

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এলএ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খালিদ আহম্মেদ**
যুগ্মসচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২ অগ্রহায়ণ ১৪২৬/১৭ নভেম্বর ২০১৯

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৮.১৯-২৬৯**—যেহেতু, জনাব মোঃ জাহাঙ্গীর আলম (০০৫৪১২), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক সার্কেল, গোপালগঞ্জ, শরীয়তপুর-চাঁদপুর আঞ্চলিক মহাসড়কে চলমান PMP (মেজর) কাজের তত্ত্বাবধানকারী কর্মকর্তা হিসেবে নিয়োজিত রয়েছেন। গত ১৬-০১-২০১৯ তারিখে 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় "শরীয়তপুর-চাঁদপুর সড়কে অনিয়মের অভিযোগ, কাজ বন্ধ করে দিল এলাকাবাসী" মর্মে প্রকাশিত খবরের ভিত্তিতে বিষয়টি অনুসন্ধানের জন্য এ বিভাগ কর্তৃক গঠিত তদন্ত কমিটি গত ২৫-০১-২০১৯ তারিখ সরেজমিন প্রকল্প এলাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালে কমিটি দেখতে পান যে, বেইস কোর্সে Crushed Stone ব্যবহারের কথা থাকলেও এর সাথে কিছু Single Stone ব্যবহার করা হয়েছে। Mix design এর ক্ষেত্রে Sand এর FM 1.5 এর উপর ব্যবহারের নিয়ম থাকলেও বেইস কোর্স খুঁড়ে Sand এর FM 1.5 এর কম পাওয়া যায়। DBS এর কাজে Single Stone ব্যবহারের সুযোগ না থাকলেও কিছু Single Stone ব্যবহার করা হয়েছে এবং Specification অনুযায়ী এ ক্ষেত্রে Sylhet Sands কম ব্যবহার করা হয়েছে। বেইজ কোর্সের উপরের স্তরে প্রয়োজনীয় পরিষ্কারকরণ কাজ সম্পূর্ণ না করে Prime Coat ব্যবহার করা হয়েছে। কাজটি যথাযথভাবে মনিটরিং না করায় কাজের মান Specification অনুযায়ী সম্পন্ন হয়নি;

এবং

যেহেতু, দরপত্র অনুমোদনপত্রের ০৬ নম্বর শর্তানুযায়ী 'কাজের গুণগতমান স্পেসিফিকেশন অনুযায়ী হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী তত্ত্বাবধান ও নিশ্চিত করবেন' এবং ০৭ নম্বর শর্তানুযায়ী 'গুণগতমান বজায় রেখে ঠিকাদার কাজ সম্পাদন করতে না পারলে এর দায়-দায়িত্ব তত্ত্বাবধানকারী তত্ত্বাবধায়ক প্রকৌশলীর উপর ব্যক্তিগতভাবে বর্তাবে' উল্লেখ থাকা সত্ত্বেও তত্ত্বাবধানকারী কর্মকর্তা হিসেবে তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে চরমভাবে ব্যর্থ হয়েছেন;

এবং

যেহেতু, দরপত্রের শর্তানুযায়ী তার দায়িত্ব নির্ধারিত থাকা সত্ত্বেও তিনি কর্তব্য কাজে অবহেলা ও দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন, এতে জনস্বার্থে দারুণভাবে বিঘ্নিত হয়েছে ও সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে; এবং

যেহেতু, তার উপর্যুক্ত কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃংখলা ও আর্পিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী অসদাচরণ;

এবং

যেহেতু, তার উপরোল্লিখিত কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃংখলা ও আর্পিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণ এর পর্যায়ভুক্ত হওয়ায় তাকে উক্ত অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (নম্বর ০৩/২০১৯ রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক "চাকুরী হতে বরখাস্ত" করা হবে না বা উপযুক্ত অন্য কোনো শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানির মাধ্যমে কোনো কিছু জ্ঞাত করাতে চান কিনা কিংবা তার বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপনা করতে চান তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, তিনি গত ২৫-০৪-২০১৯ তারিখ তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর ইচ্ছা প্রকাশ করেন। সে প্রেক্ষিত গত ২০-০৫-২০১৯ তারিখ তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। লিখিত জবাব ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের উপসচিব জনাব দীপঙ্কর মন্ডল-কে গত ১৮-০৬-২০১৯ তারিখ তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন জনাব মোঃ জাহাঙ্গীর আলম-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখপূর্বক গত ১৬-১০-২০১৯ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

সেহেতু এক্ষণে, জনাব মোঃ জাহাঙ্গীর আলম (০০৫৪১২), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক সার্কেল, গোপালগঞ্জ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার (নম্বর-০৩-২০১৯) দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ কার্তিক ১৪২৬/০৫ নভেম্বর ২০১৯

**নং৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১২.১৯-৯৩৬**—ময়মনসিংহ জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-৮১, তারিখ ২২-০৯-১৭ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ সত্তার সমর্থন ও কর্মকাণ্ড গতিশীল এবং উৎসাহিত করার উদ্দেশ্যে অপরাধ সংঘটনের ষড়যন্ত্র ও সন্ত্রাসী কার্য পরিচালনার প্রচেষ্টা করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১২.১৯-৯৩৭**–গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ থানার মামলা নং-০৯, তারিখ ০৫-১০-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জননিরাপত্তা বিঘ্ন করার উদ্দেশ্যে গোপন ষড়যন্ত্র করাসহ জিহাদী বই পুস্তকের মাধ্যমে প্ররোচিত ও সহায়তা করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শরীফুল আলম তানবীর**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ অগ্রহায়ণ ১৪২৬/২৪ নভেম্বর ২০১৯

নং **৫৯.০০.০০০০.১০৪.০৫.০০২.১৮-১২৫৪**—এতদ্বারা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন 'স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর' প্রতিষ্ঠার সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৬ নভেম্বর ২০১৯

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-৬৪২**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এর ৭ ও ৮ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মীর নূরুল আলম এর স্থলে ড. মোঃ আবদুল মুঈদ, মহাপরিচালক (ভারপ্রাপ্ত) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-কে তাঁর চাকরিকালীন সময় পর্যন্ত উক্ত ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-৬৪৩**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এর ৭ ও ৮ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার, সচিব (পিআরএল ভোগরত) এর পরিবর্তে জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমেদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), ঢাকা-কে তাঁর চাকরিকালীন সময় পর্যন্ত উক্ত ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১২ অগ্রহায়ণ ১৪২৬/২৭ নভেম্বর ২০১৯

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৭.১৭-৬৫০**—বীমা কর্পোরেশন আইন, ২০১৯ এর ৯(১)(জ) ধারা অনুযায়ী হিসাবরক্ষণ ও নিরীক্ষা বিষয়ে অভিজ্ঞ পেশাদার একাউন্টেন্ট ক্যাটাগরিতে জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, এফসিএমএ- কে জীবন বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ থেকে সর্বোচ্চ ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেওয়া হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৭.১৭-৬৫১**—বীমা কর্পোরেশন আইন, ২০১৯ এর ৯(১)(খ) ধারা অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ক্যাটাগরিতে বেগম কামরুন নাহার সিদ্দীকা, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ- কে জীবন বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ থেকে সর্বোচ্চ ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেওয়া হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৪.১৭-৬৫২**—কর্মসংস্থান ব্যাংক আইন, ১৯৯৮ এর ৯(১)(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকারের সাবেক অতিরিক্ত সচিব জনাব মোঃ মনিরুল ইসলাম- কে তাঁর যোগদানের তারিখ থেকে সর্বোচ্চ ০৩ (তিন) বছরের জন্য কর্মসংস্থান ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ সিদ্দিকুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশাবলী

তারিখ : ১৪ নভেম্বর ২০১৯

**নং বিচার-৭/২এন-৮৯/৭৫-৩৮৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মিরাজুল ইসলাম, পিতা-মোঃ আঃ মজিদ হাওলাদার মাতা-মোসাঃ রাবেয়া বেগম, গ্রাম-কাউনিয়া, ডাকঘর-কাউনিয়া, উপজেলা-বেতাগী, জেলা-বরগুনা এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরগুনা জেলার বেতাগী উপজেলার ০৫ নং বুড়ামজুমদার ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২১ নভেম্বর ২০১৯ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৪৮/৭৭(অংশ)-৩৯৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মনিরুজ্জামান, পিতা-মোঃ আজিজুর রহমান, মাতা-আওলিয়া বেগম, গ্রাম-ভূইশ্বর (উত্তরপাড়া), ডাকঘর-চুন্টা, উপজেলা-সরাইল, জেলা-ব্রাহ্মণবাড়িয়া এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলার সরাইল উপজেলার ০২ নং পাকশিমুল ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২৫ নভেম্বর ২০১৯

**নং বিচার-৭/২এন-১৪১/৭৯-৩৯৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ সিদ্দিকুর রহমান খান, পিতা-মোঃ মোবারক হোসন খান, মাতা-মোছাঃ তারা বানু, গ্রাম-মুরাইদ চাকপাড়া, ডাকঘর- মুরাইদ, উপজেলা-ঘাটাইল, জেলা-টাঙ্গাইল এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাঙ্গাইল জেলার ঘাটাইল উপজেলার নবগঠিত লক্ষিন্দর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহ্‌মেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১০ অগ্রহায়ণ ১৪২৬/২৫ নভেম্বর ২০১৯

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.১৯-৯৮০**—রাজশাহী জেলার বাগমারা থানার মামলা নং-১১, তারিখ : ১৩-০৬-২০১৯ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাসী কার্যক্রম পরিচালনার জন্য ককটেল, দাহ্য পদার্থ, পেট্রোল বোমা, জিহাদী বই নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-৯৮১**—নওগাঁ জেলার বদলগাছী থানার মামলা নং-২৪, তারিখ: ৩১-০৮-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা গোপন ষড়যন্ত্র ও সন্ত্রাসী কার্যকলাপ করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-৯৮২**—নওগাঁ জেলার নিয়ামতপুর থানার মামলা নং-০৬, তারিখ : ০৪-০৪-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে বাংলাদেশকে অস্থিতিশীল ও অকার্যকর রাষ্ট্রে পরিণত করার লক্ষ্যে আইন-শৃঙ্খলা বিঘ্নসহ হত্যা, গুরুতর আঘাত, রাষ্ট্রের ক্ষতিসাধন করার উদ্দেশ্যে আগ্নেয়াস্ত্র, গুলি, ম্যাগাজিন নিজ দখলে রাখা ও সহায়তা করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-৯৮৩**—নওগাঁ জেলার মান্দা থানার মামলা নং-০৫, তারিখ : ০৫-০৯-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সঙ্ঘবদ্ধ হয়ে সন্ত্রাস বিরোধী কার্যকলাপ করার উদ্দেশ্যে সমবেত হওয়ার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-৯৮৪**—ঝিনাইদহ সদর থানার মামলা নং-৪৯, তারিখ : ২২-০৪-১৭ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গি তৎপরতার সাথে জড়িত থেকে বিস্ফোরক দ্রব্যাদি নিজ হেফাজতে রেখে নাশকতা/সন্ত্রাসী তৎপরতা পরিচালনার জন্য ষড়যন্ত্রে লিপ্ত ও উক্ত অপরাধ সংঘঠনের সহায়তা করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-৯৮৫**—লালমনিরহাট জেলার পাটগ্রাম থানার মামলা নং-১৩, তারিখ: ১৬-০৯-২০১৮ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গি কার্যক্রম পরিচালনা ও নাশকতামূলক পরিকল্পনা করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শরীফুল আলম তানভীর**
সিনিয়র সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ চৈত্র ১৪২৫/২১ মার্চ ২০১৯

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.১৯-২৪৬/১**—চট্টগ্রাম জেলার চকবাজার থানার মামলা নং-২০/১৯, ধারা-১২৩-এ/১২৪-এ/৫০০/৫০১/৫০২ এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগে মামলা রুজু/তদন্তের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্দারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলরুবা খাতুন**
সহকারী সচিব।

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১০ অগ্রহায়ণ ১৪২৬/২৫ নভেম্বর ২০১৯

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.১৯-৯৭৬**—রংপুর মহানগরের তাজহাট থানার মামলা নং-১০, তারিখ : ১৫-১০-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ রশিদ বই, জিহাদী বই ও লিফলেট নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও {(সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.১৯-৯৭৭**—রাজশাহী জেলার গোদাগাড়ী থানার মামলা নং-৫৪, তারিখ : ৩১-০৮-১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে দেশ ও সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্রসহ সন্ত্রাসী কর্মকাণ্ড ও বিশৃঙ্খলা সৃষ্টির মাধ্যমে সরকার উৎখাতের জন্য যুব সমাজকে উৎসাহ ও প্ররোচনাদান এবং তাদের সংগঠনের জন্য কর্মী সংগ্রহের উদ্দেশ্যে বিভিন্ন দ্রব্যাদি নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও {(সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.১৯-৯৭৮**—হবিগঞ্জ জেলার সদর থানার মামলা নং-২৯, তারিখ : ১৭-০৮-১৭ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সম্মিলিতভাবে মিটিং করে এবং ষড়যন্ত্রমূলক কিছু বই, লিফলেট নিজ হেফাজতে রেখে ষড়যন্ত্রমূলকভাবে সরকারকে উৎখাত করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও {(সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.১৯-৯৭৯**—সিলেট জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-৫৭, তারিখ: ২৮-১১-২০১৮ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা হিযবুত তাহরীর প্রচার পুস্তক বিতরণ, সরকারের নামে অপপ্রচার ও রাষ্ট্রের সার্বভৌমত্বের বিরুদ্ধে উস্কানীমূলক প্রচার করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও {(সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শরীফুল আলম তানভীর**
সিনিয়র সহকারী সচিব।